গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৬৪.২৫-২১৬

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডা. আশরাফ সিদ্দিকী, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সাতক্ষীরা (শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মকালীন অভিযোগ), বর্তমানে সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী-এর বিরুদ্ধে শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মরত জনাব কহিনুর আক্তার, আয়া, জনাব রবিন রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং জনাব রাবেয়া সুলতানা, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বিভিন্ন অনিয়ম ও যৌন হয়রানির অভিযোগ করেন। তিনি হাসপাতালে আগত রোগী, হাসপাতালের কর্মকর্তা, কর্মচারীদের সাথে খারাপ ব্যবহার করেন। তিনি অপারেশন করতে রোগীদের নিকট হতে টাকা চেয়েছেন এবং বাহির থেকে ঔষধ কিনতে বাধ্য করেন। তিনি প্রতিবন্ধী কর্মচারীসহ সকল কর্মচারীদের বেতন বন্ধ করে রাখেন;

০২। যেহেতু, তার এহেন কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা নং-১০২/২৫ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৩-০৩-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৬৪.২৫-৬৮ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৩/০৩/২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

০৫। সেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও নথিপত্র পর্যালোচনা করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি। সার্বিক বিবেচনায় ডা. আশরাফ সিদ্দিকী, সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী (শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মকালীন অভিযোগ)-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মো: কামরুজ্জামান চৌধুরী) ১৬/০৭/২৬
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৬৪.২৫-২১৮

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩৩ / ২৫ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
০৪। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, মাতৃ সদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (MCHTI), লালকুঠি, মিরপুর, ঢাকা
০৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা

০৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
০৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ইমেইলে প্রকাশের অনুরোধসহ)
০৯। ডা. আশরাফ সিদ্দিকী, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সাতক্ষীরা (শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মকালীন অভিযোগ), বর্তমানে সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী

২৬/০৭/২০২৬

(মোছা: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd